| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | নিয়োগ নীতিমালা |
|---|---|---|
| | ইস্যু তারিখ | ফেব্রুয়ারী ১২, ২০১৩ |
| | রিভিশন তারিখ | জানুয়ারী ০৪, ২০২০ |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

# নিয়োগ নীতিমালা
## (RECRUITMENT POLICY)

আমাদের কারখানায় শ্রমিক নিয়োগের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট কর্মপদ্ধতি ব্যবহার করি। আমরা প্রধানত শ্রম আইন-২০০৬ এর ধারা ৩,৪,৫,৬,৭,৮,৯ অনুযায়ী নিয়োগ করে থাকি এবং অনেক ক্ষেত্রে ক্রেতার আচরন বিধি মানা হয়ে থাকে যদি তা প্রচলিত স্থানীয় আইনের পরিপন্থী না হয়।

**আমাদের শ্রমিক নিয়োগ পদ্ধতি নিম্নরুপ ঃ**

১. কারখানার জেনারেল ম্যানেজারকে প্রধান করে একটি নিয়োগকারী কমিটি দ্বারা শ্রমিক নিয়োগ পরিচালনা করা হয়।

২. কোন সেকশন যথা : সুইং, কাটিং, ফিনিশিং, কোয়ালিটি সেকশনে কোন লোকের চাহিদা থাকলে সংশ্লিষ্ট শাখার ইনচার্জ তা ফ্যাক্টরীর এইচ আর বিভাগকে অবহিত করবেন।

৩. ফ্যাক্টরীর এইচ আর অফিসার উক্ত চাহিদা ফ্যাক্টরী জি-এম /এফ-এম/পি-এম এর সহিত আলোচনা পূর্বক লোক নিয়োগের জন্য সংবাদপত্র, পোষ্টার, ব্যানার এবং ফ্যাক্টরীর অভ্যন্তরীন পর্যায়ে লিফলেট বিতরন করা, ব্যানার লাগানো এবং শ্রমিকদের পি.এ. সিস্টেমের মাধ্যমে ঘোষনা করে নিয়োগের জন্য লোকজন নিয়ে আসার জন্য বলা হয় বা অন্য কোন উপায়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেন।

৪. বিজ্ঞপ্তি প্রকাশের পর ভর্তি ইচ্ছুক শ্রমিক ফ্যাক্টরীতে আসলে সিকিউরিটির মাধ্যমে তাকে ফ্যাক্টরীর এইচ আর অফিসার এবং আই.ই. অফিসার এর নিকট উপস্থাপন করা হয় এবং এইচ আর এবং আই.ই. অফিসার তাদের প্রাথমিক বাছাই পূর্বক কাগজপত্র যাচাই করে যদি তার বয়স ১৮ বছরের কম বলে গন্য হয় তাহলে তাকে কর্মে নিয়োগ করা হয় না। যোগ্যতা যাচাই পরীক্ষায় উত্তীর্ন শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা জন্য ফ্যাক্টরীর মেডিকেল অফিসারের নিকট প্রেরন করা হয়। শুধুমাত্র ডাক্তারী পরীক্ষায় উত্তীর্ণ শ্রমিকদেরকেই ফ্যাক্টরীতে নিয়োগ করা যাবে।

৫. আমরা কখনও জাতি, ধর্ম, বর্ণ, নারী/পুরুষ, কালো/ফর্সা, যুবক/বৃদ্ধ, আত্মীয়/অনাত্মীয়, গর্ভাবস্থা, বৈবাহিক অবস্থা এবং রাজনৈতিক মতাদর্শ ভোদাভেদ না করে সমতা ও যোগ্যতার ভিত্তিতে নিয়োগ দান করি।

৬. আমরা কাউকে জোর করে কাজে বাধ্য করিনা। কোন প্রকার জামিন বা দায়বদ্ধকে আমরা নিয়োগ করিনা।

৭. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক, শারীরিক, ও মানসিক ভাবে কর্মক্ষম ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রয়োজন অনুযায়ী শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং প্রাপ্ত বয়স্ক (১৮ থেকে এর উপরে) হতে হবে। অত্র কারখানায় প্রাপ্ত বয়স্ক এর নিচে কর্মী কে নিয়োগ দেয়া হয় না ।

৮. আমরা নিজস্ব ডাক্তার দ্বারা বয়স নিরুপন ও আমাদের ফ্যাক্টরীর কাজের উপযুক্ততা যাচাই করি।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | কমপ্লায়েন্স এবং এইচআরএ বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |

৯. নিয়োগপ্রাপ্ত কর্মী যদি সুইং মেশিন অপারেটর হয় তাহলে তার দক্ষতা যাচাই করার জন্য দায়িত্বপ্রাপ্ত আই.ই. অফিসারের নিকট প্রেরণ করা হয়। আই. ই. অফিসার দক্ষতা যাচাইয়ের কাজ শেষ করার পর তার সুপারিশে মানব সম্পদ বিভাগের নিকট প্রেরণ করেন।

১০. উৎপাদন ব্যবস্থাপক কর্তৃক সাক্ষাৎ কার গ্রহন পূর্বক সংশ্লিষ্ট সকল লোকের যোগ্যতার ভিত্তিতে বেতন নির্ধারন করা হয়। নিয়োগ নিশ্চিত হবার পর আমরা অবশ্যই শ্রমিককে সরকার কর্তৃক নির্ধারিত নুন্যতম বেতন স্কেল ও নিয়োগ পত্র দেই।

১১. নিয়োগের প্রক্কালে প্রেগনেন্সি বা গর্ভজনিত বিষয়ে কোন প্রকার প্রশ্ন করা হয় না ।

১২. নিয়োগদানের ব্যাপারে কোন রকম টাকা পয়সা গ্রহন করা হয়না।

বিঃদ্রঃ- নিয়োগদানের ব্যাপারে কেহ টাকা পয়সা গ্রহন করিলে তাহা কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হইল ।

<u>যোগদানের পদ্ধতি ঃ</u>

প্রাথমিকভাবে মনোনীত প্রার্থী কাজে যোগ দেয়ার সময় নিম্নলিখিত কাগজ পত্র জমা দিতে হয় ঃ

ক) আবেদন পত্র (অত্র কারখানার নির্ধারিত ফর্মে) ।
খ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি / জন্ম নিবন্ধন পত্রের ফটোকপি।
খ) শারিরীক যোগ্যতার সনদপত্র (কারখানা ডাক্তার কর্তৃক)।
গ) স্থানীয় চেয়ারম্যান / পৌর কমিশনার কর্তৃক নাগরিকত্ব / চারিত্রিক সনদপত্র।
ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্র, (প্রযোজ্য ক্ষেত্রে)।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | কমপ্লায়েন্স এবং এইচআরএ বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |

# নিয়োগ কমিটি
## (Recruitment Committee)

মন্ডল ইন্টিমেট্স লিঃ শ্রমিক নিয়োগের ক্ষেত্রে একটি সুনির্দিষ্ট নিয়ম মেনে চলে। কর্মী নিয়োগের ক্ষেত্রে আমরা প্রধানত রাষ্ট্রীয় শ্রম আইন মেনে চলি, তবে অনেক ক্ষেত্রে ক্রেতাদের আচরন বিধি মানা হয়ে থাকে যদি তা স্থানীয় আইনের সাথে সাংঘর্ষিক বা পরিপন্থি না হয়। উক্ত শ্রমিক নিয়োগ নীতিমালা মেনে অত্র প্রতিষ্ঠানে শ্রমিক নিয়োগ দেওয়া হয়। শ্রমিক নিয়োগের সময় অবশ্যই নিম্ন লিখিত কমিটির সদস্যগন উপস্থিত থাকেন এবং কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে পূর্নাঙ্গ নিয়োগ দেওয়া হয়ে থাকে।

**শ্রমিক নিয়োগ কমিটি ঃ**

১. ব্যবস্থাপক - মানব সম্পদ ও কমপ্লায়েন্স,
২. সহ-ব্যবস্থাপক - মানব সম্পদ ও কমপ্লায়েন্স,
৩. মেডিকেল অফিসার,
৪. সিনিয়র অফিসার - মনব সম্পদ,
৫. অফিসার মানব সম্পদ।

উক্ত কমিটি ইহার সার্বিক কর্মকান্ডের বিষয়ে মহা ব্যবস্থাপকের নিকট দায়বদ্ধ থাকবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | কমপ্লায়েন্স এবং এইচআরএ বিভাগ | |
| অনুমোদনকারী | মহা ব্যবস্থাপক | |